

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯,  
কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.৯৯.০০৮৮.২৫.৭০

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ  
২৭ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: বৈশাখী স্পিনিং লিঃ নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে নিয়মিত শিল্প আইআরসি আমদানি স্বত্ব পরিবর্তনের  
সুপারিশ প্রদান প্রসঙ্গে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন নং-১১৪৮, তারিখঃ ১০/১১/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, , বৈশাখী স্পিনিং লিঃ , অফিসঃ ৬, মতিঝিল বা/এ, ঢাকা ও কারখানাঃ চরসুজাপুর, কারারচর, শিবপুর, নরসিংদী, শিল্প উপ-খাত “স্পিনিং” এর নিবন্ধনকৃত একটি কারখানা। বিনয়োগ বোর্ডের নিবন্ধন নং- এল-৫২০৫০৪০৫০৮১-এইচ তারিখঃ ২৫/০৫/২০০৪ খ্রিঃ । শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিয়মিত ভিত্তিতে কাঁচামাল আমদানির জন্য বর্তমান নিয়মিত শিল্প আইআরসি নং- ২৬০৩২৬১২০৩৯১১২০ এর আমদানি স্বত্ব পরিবর্তনের সুপারিশের জন্য আবেদন জানালে এ অধিদপ্তরের একজন সহকারী পরিচালক (কারিগরী) সরেজমিনে পরিদর্শন করে বিস্তারিত তথ্য সহ একটি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন এবং দাখিলকৃত কাগজপত্রাদি বস্ত্র অধিদপ্তরের পরীক্ষা নিরীক্ষা করে প্রতিষ্ঠানটির অনুকূলে নিয়মিত শিল্প আইআরসি এর ষান্মাসিক আমদানি স্বত্ব ৫,৩১,০০,০০০/- (পাঁচ কোটি একত্রিশ লক্ষ) টাকা এবং বার্ষিক আমদানিস্বত্ব ১০,৬২,০০,০০০/- (দশ কোটি বাষট্টি লক্ষ) টাকা থেকে বৃদ্ধি করে ষান্মাসিক আমদানিস্বত্ব আমদানিস্বত্ব ৩৫,০০,০০,০০০/- (পয়ত্রিশ কোটি ) টাকা এবং বার্ষিক আমদানিস্বত্ব ৭০,০০,০০,০০০/- (সত্তর কোটি) টাকা পুনঃ নির্ধারণ পূর্বক সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, “স্পিনিং” উপ-খাতের শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২৪ যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

০২। অতএব, উপরিউক্ত সিদ্ধান্তের আলোকে আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে বৈশাখী স্পিনিং লিঃ নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে নিয়মিত শিল্প আইআরসি এর ষান্মাসিক আমদানি স্বত্ব ষান্মাসিক আমদানি স্বত্ব ৫,৩১,০০,০০০/- (পাঁচ কোটি একত্রিশ লক্ষ) টাকা এবং বার্ষিক আমদানিস্বত্ব ১০,৬২,০০,০০০/- (দশ কোটি বাষট্টি লক্ষ) টাকা থেকে বৃদ্ধি করে ষান্মাসিক আমদানি স্বত্ব আমদানি স্বত্ব ৩৫,০০,০০,০০০/- (পয়ত্রিশ কোটি) টাকা এবং বার্ষিক আমদানি স্বত্ব ৭০,০০,০০,০০০/- (সত্তর কোটি) টাকা পুনঃ নির্ধারণ করার জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সুপারিশ করা হলো।

০৩। উল্লেখ্য যে, সুপারিশ পত্রটি উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না এবং ভবিষ্যতে কোন আপত্তি/অভিযোগ উত্থাপিত হলে বস্ত্র অধিদপ্তর তার দায়ভার গ্রহণ করবে না।



২৭-১১-২০২৫  
মো:সাইফুর রহমান  
উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.৯৯.০০৮৮.২৫.৭০/১ (৫)

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ  
২৭ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। ,, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

২। ,, কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।

৩। ,, ব্যবস্থাপনা পরিচালক, বৈশাখী স্পিনিং লিঃ, অফিসঃ ৬, মতিঝিল বা/এ, ঢাকা ও কারখানাঃ চরসুজাপুর, কারারচর, শিবপুর, নরসিংদী।

৪। ,, ওয়ান স্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

৫। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।



২৭-১১-২০২৫

কামরুল আলম

সহকারী পরিচালক